সমকাল

07 MAR 2014
পৃষ্ঠা ... কলাম ...

রাবিতে সান্ধ্য কোর্স বাতিল হচ্ছে না : উপাচার্য

■ রাবি প্রতিনিধি

সম্প্রতি সামাজিক বিজ্ঞান অনুষদে সান্ধ্য কোর্স চালুর দাবির পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট অনুষদের সুপারিশ শিক্ষা পরিষদে বিবেচিত হয়ে সিন্ডিকেটে অনুমোদিত হয়েছে। কোনো বিষয় যখন আইনে পরিণত হয় তখন তা যৌক্তিকভাবে হয়েছে বলেই সবাইকে মেনে নেওয়া উচিত। তাই সান্ধ্য কোর্স বাতিল হচ্ছে না। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন।

২ ফেব্রুয়ারি আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ৩৫ দিন বন্ধ থাকার পর আগামী ১০ মার্চ থেকে বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ২ ফেব্রুয়ারির ঘটনা ও চলমান পরিস্থিতি প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বক্তব্য তুলে ধরতে প্রশাসনের পক্ষে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এ সংবাদ সম্মেলনের আয়োজন করে।